গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
sarail.brahmanbaria.gov.bd

অস্থায়ী পশুর হাট ইজারার বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০২২ ..২০১১.৮৭০ নম্বর স্মারকে জারীকৃত নীতিমালার ১০.২ অনুচ্ছেদ এবং জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া এর স্থানীয় সরকার শাখার ২৬/০৫/২০২৪খ্রি. তারিখের স্মারক নং-৪৬.৪২.১২০০.০১১.১৮.০৬১.১৯.৩০০/১(৩০) এর মর্মানুযায়ী সরাইল উপজেলার নিম্নে উল্লিখিত স্থান/প্রাঙ্গনে আসন্ন পবিত্র ঈদ- উল- আযহা উপলক্ষ্যে (ঈদ- উল-আযহার দিন পযন্ত) অস্থায়ী কোরবানীর পশুর হাট স্থাপনের নিমিত্ত নিম্নোক্ত শর্তে ইজারা প্রদানের জন্য পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

ক্র: নং	অস্থায়ী পশুর হাটের নাম	প্রকাশ্য ডাক অনুষ্ঠানের তারিখ	প্রকাশ্য ডাক অনুষ্ঠানের সময়	স্বাস্থ্যবিধি মেনে প্রকাশ্য ডাক অনুষ্ঠানের স্থান
০১	দুবাজাইল সমবায় বাজারে অস্থায়ী গরু মহিষের হাট	০৩/০৬/২০২৪ খ্রিস্টাব্দ	সকাল ১১:০০ ঘটিকা হতে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সরাইল
০২	আবদুস সাত্তার ডিগ্রি কলেজ সংলগ্ন পশ্চিম পার্শ্বে বালির মাঠে অস্থায়ী গরু মহিষের হাট			
০৩	বেড়তলা বাজার সংলগ্ন অস্থায়ী গরু মহিষের হাট			
০৪	দেওবাড়িয়া বাজারে অস্থায়ী গরু মহিষের হাট			
০৫	পাকশিমুল ইউনিয়নের ভূইশ্বর বাজার সংলগ্ন উত্তর পার্শ্বে অস্থায়ী গরু মহিষের হাট			
০৬	পাকশিমুল বাজারে অস্থায়ী গরু মহিষের হাট			
০৭	শাহবাজপুর ইউনিয়নে মেরাতলি গ্রামে অস্থায়ী গরু মহিষের হাট			
০৮	চুন্টা ইউনিয়নে চুন্টা বাজারের পশ্চিম উত্তর পার্শ্বে সেনবাড়ির মাঠে অস্থায়ী গরু মহিষের হাট			

এমতাবস্থায়, উল্লিখিত তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে উপস্থিত হয়ে অস্থায়ী পশুর হাট ইজারায় অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণকে অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলী

০১। সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পবিত্র ঈদ- উল- আযহার দিন পর্যন্ত সময়ের জন্য অস্থায়ী কোরবানীর পশুর হাট ইজারা দেওয়া হবে।
০২। নির্ধারিত তারিখ ও সময়ে ডাককারীদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) বাজারের নিলাম ডাক অনুষ্ঠিত হবে।
০৩। জামানত বাবদ নগদ ১০,০০০/-(দশ হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা দিয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দাগণ নিজ নিজ ইউনিয়নের বাজারের নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে ।
০৪। ডাকে অংশগ্রহণের জন্য ০২/০৬/২০২৪তারিখ সকাল ১০:০০টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত সময়ের মধ্যে অত্র কার্যালয়ে ১০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) জমা দিয়ে নাম এন্ট্রি করে ফরম সংগ্রহ করতে হবে।
০৫। সর্বোচ্চ ডাককারীর দর গ্রহণ করা হবে । ডাককৃত অর্থ তাৎক্ষণিকভাবে ৫০% ও অবশিষ্ট ৫০% পরবর্তী ০১ (এক) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
০৬। গৃহীত ডাককারীগণ দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোন কর) পরিশোধ করতে হবে। অন্যথায় জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
০৭। অস্থায়ী কোরবানীর পশুর হাটের ডাকের অর্থ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।
০৮। সরকারের অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে অস্থায়ী কোরবানীর পশুর হাটের টোল চার্ট দৃশ্যমান একাধিক স্থানে টানিয়ে প্রচার করবেন।
০৯। ইজারাদার কোনক্রমেই অস্থায়ী কোরবানীর পশুর হাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় তা হলে অস্থায়ী বজার ইজারা বাতিল বলে গণ্য হবে।
১০। ইজারাদার নিজ খরচে অস্থায়ী কোরবানীর পশুর হাট পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন । অন্যথায় জরিমানা করা হবে।
১১। নির্ধারিত সময়ের পরে অস্থায়ী কোরবানীর পশুর হাটের ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এর ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, সড়ক/মহাসড়কের সন্নিকটে এবং জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে বাজার স্থাপন করা যাবে না।
১৩। ইজারা সংক্রান্ত তথ্যাদি অফিস চলাকালীন অত্রাফিস হতে জানা যাবে।
১৪। হাট বসানোর জন্য পর্যাপ্ত খোলা জায়গা নির্বাচন করতে হবে। কোন অবস্থায় বদ্ধ জায়গায় হাট বসানো যাবে না।
১৫। হাট ইজারাগ্রহীতা কর্তৃক হাট বসানোর আগে মহামারি প্রতিরোধী সামগ্রী যেমন-মাস্ক, সাবান, জীবানুমুক্তকরণ সামগ্রী ইত্যাদি সংগ্রহ করতে হবে। পরিস্কার পানি সরবরাহ ও হাত ধোয়ার জন্য পর্যাপ্ত পরিমাণে তরল সাবান/সাধারণ সাবানের ব্যবস্থা রাখতে হবে। নিরাপদ বর্জ্য নিস্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

চলমান পাতা -০২

১৬। পশুর হাটের সাথে জড়িত সকল কর্মকর্তা, কর্মচারি ও হাট কমিটির সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। হাট কমিটির সকলের ব্যক্তিগত সুরক্ষা জোরদার করা এবং মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।
১৭। হাটের সাথে জড়িত সকল কর্মীদের স্বাস্থ্যবিধির নির্দেশনা দিতে হবে। জনস্বাস্থ্যের বিষয়গুলি যেমন মাস্ক এর সঠিক ব্যবহার, হাঁচি-কাশির শিষ্টাচার, শারীরিক দূরত্ব, হাত ধোয়া, জীবানুমুক্তকরণ বিষয়গুলোকে গুরুত্ব দিতে হবে। স্বাস্থ্যবিধিসমূহ সার্বক্ষণিক মাইকে প্রচার করতে হবে।
১৮। মাস্ক ছাড়া কোন ক্রেতা-বিক্রেতা হাটের ভিতরে প্রবেশ করতে পারবেন না। হাট কর্তৃপক্ষ চাইলে বিনামুল্যে মাস্ক সরবরাহ করতে পারেন বা এর মূল্য নির্ধারণ করে দিতে পারেন।
১৯। প্রতিটি হাটে ডিজিটাল পর্দায় স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি প্রচার করতে হবে।
২০। পশুর হাটে প্রবেশের জন্য গেইট (প্রবেশপথ ও বাহিরপথ) নির্দিষ্ট করতে হবে।
২১। পর্যাপ্ত পানি ও ব্লিচিং পাউডার দিয়ে পশুর বর্জ্য দ্রুত পরিস্কার করতে হবে। কোথাও জলাবদ্ধতা তৈরি করা যাবে না।
২২। প্রতিটি হাটে পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক এক বা একাধিক ভ্রাম্যমাণ স্বেচ্ছাসেবী মেডিকেল টিম গঠন করে সেবা প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। মেডিকেল টিমের নিকট শরীরের তাপমাত্রা মাপার জন্য ডিজিটাল থার্মোমিটার রাখা যেতে পারে, যাতে প্রয়োজনে হাটে আসা সন্দেহজনক করোনা আক্রান্ত ব্যক্তিদের দ্রুত চিহ্নিত করা যায়। এছাড়া তাৎক্ষণিকভাবে রোগীকে আলাদা করে রখার জন্য প্রতিটি হাটে একটি আইসোলেশন ইউনিট (একটি আলাদাকক্ষ) রাখা যেতে পারে।
২৩। একটি পশু থেকে আরেকটা পশু এমনভাবে রাখতে হবে যেন ক্রেতাগণ কমপক্ষে ৩ (তিন) ফুট বা ২ (দুই) হাত দূরত্ব বজায় রেখে পশু ক্রয় করতে পারেন।
২৪। ভির এড়াতে মূল্য পরিশোধ/ হাসিল আদায় কাউন্টারের সংখ্যা বাড়াতে হবে।
২৫। মূল্য পরিশোধের সময় সারিবদ্ধভাবে লাইনে দাঁড়ানোর সময়কাল যেন কম হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। লাইনে ৩ (তিন) ফুট বা কমপক্ষে ২(দুই) হাত দূরত্ব বজায় রেখে দাঁড়াতে হবে। প্রয়োজনে রেখা টেনে বা গোল চিহ্ন দিয়ে দিতে হবে।
২৬। সকল পশু একত্রে হাটে প্রবেশ না করিয়ে, হাটের ধারণ ক্ষমতা অনুযায়ী পশু প্রবেশ করাতে হবে।
২৭। হাটের ধারণ ক্ষমতা অনুযায়ী, নিরাপদ দূরত্ব বজায় রেখে কেনাকাটা করা সম্ভব, এমন সংখ্যক ক্রেতাদের হাটে প্রবেশের সুযোগ দিতে হবে। অবশিষ্ট ক্রেতাগণ হাটের বাহিরে নিরাপদ দূরত্ব বজায় রেখে অপেক্ষা করবেন। ১টি পশু ক্রয়ের জন্য ১ বা ২ জনের বেশি ক্রেতা হাটে প্রবেশ করবেন না।
২৮। ক্রেতা-বিক্রেতা সকলকে অবশ্যেই মাস্ক পরিধান করতে হবে।
২৯। সর্দি, কাশি, জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে কেউ হাটে প্রবেশ করবেন না।
৩০। শিশু, বৃদ্ধ এবং অসুস্থরা হাটে আসতে পারবেন না।
৩১। পশুরহাটে প্রবেশের পূর্বে ও বাহির হবার সময় তরল সাবান/সাধারন সাবান এবং পানি দিয়ে হাত ধুতে হবে।
৩২। মূল্য প্রদান এবং হাটে প্রবেশ ও বের হওয়ার সময় কমপক্ষে ৩ ফুট বা দুই হাত দূরত্ব বজায় রেখে সারিবদ্ধভাবে লাইনে দাঁড়াতে হবে।
৩৩। হাট কমিটি, স্থানীয় প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং স্বাস্থ্য বিভাগের সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।
৩৪।তালিকা বহির্ভূত কোনো কোরবানির পশুর হাট বসানো যাবে না।
৩৫। সকল কোরবানির পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারি চিকিৎসক এর অবস্থান নিশ্চিত করতে হবে। জেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।
৩৬। জনগনকে পশু কোরবানির জন্য পৌরসভা/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ কর্তৃক নির্দিষ্ট স্থান ব্যবহারের জন্য উদ্বুদ্ধ করতে হবে। তবে জনগন সুবিধা অনুযায়ী বাসা/বাড়ির আঙ্গিনায় পশু জবেহ করতে পারেন। নিজ দায়িত্বে দ্রুততম সময়ে বর্জ্য অপসারণ করতে হবে। কোনক্রমেই উন্মুক্ত স্থানে কিংবা সড়কে পশু জবেহ করা যাবে না।
৩৭। কোরবানির হাটে এলাকাভিত্তিক পশুর হাট এবং পশু জবেহর নির্ধারিত স্থানের তালিকা প্রচার করতে হবে। এ বিষয়ে ক্যাবল অপারেটরদের সহায়তা গ্রহণ করা যেতে পারে।
৩৮। পর্যাপ্ত নিরাপত্তার জন্য স্বেচ্ছাসেবক, লাইটিং,সিসি ক্যামেরার ব্যবস্থা করতে হবে।
৩৯। কোন রকম কারণ দর্শানো ব্যতিরেকে ডাক বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

৩০/৫/২৪

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
ফোন নং ০১৭০৫-৪১১২৩৩

স্মারক নং-০৫.৪২.১২৯৪.০০০.৩৪.০৩২.২৪. ৪৬৪ | তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ / ৩০ মে ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কাযার্থে

০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
০৩। উপজেলা...কর্মকর্তা, সরাইল নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের জন্য ।
০৪। অফিসার ইনচার্জ, সরাইল থানা,সরাইল,ব্রাহ্মণবাড়িয়া। নির্ধারিত সময়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো ।
০৫। চেয়ারম্যান, অরুয়াইল/পাকশিমুল/পানিশ্বর/চুন্টা, ইউনিয়ন পরিষদ,সরাইল। মাইকযোগে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল ।
০৬। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা, তেলিকান্দি/ বিটঘর/শাহবাজপুর/চুন্টা ইউনিয়ন ভূমি অফিস। মাইকিং এবং ঢোল-সহরতের মাধ্যমে হাট-বাজার ও জনসমাগম স্থানে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
০৭। নোটিশ বোর্ড।

৩০/৫/২৪

উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া